# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## যুক্তিবিদ্যা প্রথম পত্র: সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: ১ ২ ১

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১.▶ মিম ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য প্রস্তুতি নিচ্ছে। হঠাৎ তার বন্ধু সীমার সাথে দেখা। তারা বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করছিল তার মধ্যে যুক্তিবিদ্যা অন্যতম। মিম বলছিলো, "যুক্তিবিদ্যা প্রকৃতপক্ষেই কলাবিদ্যা'। সীমা এর বিরোধিতা করে বলল, "যুক্তিবিদ্যা একটি বিজ্ঞান।" তাদের বিতর্কে এক পর্যায়ে ইমতিয়াজ এসে বলে, "যুক্তিবিদ্যা একটি আদি কলা ও সেরা বিজ্ঞান।"

ক. যুক্তিবিদ্যা কী? ১

খ. যুক্তিবিদ্যাকে চিন্তার বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে যুক্তিবিদ্যা সম্পর্কে মিম ও সিমার বিতর্কটি পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইমতিয়াজের বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২.▶ একাদশ শ্রেণির যুক্তিবিদ্যা ক্লাসে শিক্ষক আলোচনা করছিলো এমন একটি বিষয় যাতে "পোশাকে, আচার ব্যবহারে, রুচিতে, চেহারায় যারা আদর্শ তাদের মধ্যে আলাদা আর্ট ও নান্দনিক দিক রয়েছে যা মানুষের মনকে ঐ মডেলের বেশভূশা, চলন-বলন অনুকরণ করে।" সে সময় ছাত্র নাহিদ বলে, স্যার আরও একটি বিষয় এর সাথে জড়িত তা হলো– জীবন ও জগতের সাথে সম্পর্কযুক্ত সত্য–মিথ্যা এবং বৈধ ও অবৈধ নিয়ে আলোচনা করে।

ক. Ethics শব্দটি কোন শব্দ থেকে উদ্ভব? ১

খ. শিক্ষা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে শিক্ষকের আলোচনা কোন বিষয়কে ইঙ্গিত করে, পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে বিষয় দুটির ইঙ্গিত রয়েছে তাদের পার্থক্য পাঠ্যবইয়ের আলোকে তুলে ধর। ৪

http://teachingbd.com

৩.▶ করিম বলল, অর্থনীতি বাজার ব্যবস্থার, দাম ও দ্রব্যের চাহিদার মাঝে একটি অবিচ্ছেদ্য সম্পর্ক বিদ্যমান। অন্যান্য অবস্থা ঠিক থাকলে দ্রব্যের দাম বাড়ালে তার চাহিদা কমে, তার দাম কমলে চাহিদা বাড়ে। অর্থাৎ দাম ও চাহিদার সম্পর্ক বিপরীতমুখী। রহিম বলল, যুক্তিবিদ্যার স্যারও যুক্তির উপাদান অধ্যায়ে এরূপ একটি বিষয় আলোচনা করেছে।

ক. Terminus শব্দের অর্থ কী? ১

খ. টি. টা. খানা সহপদযোগ্য শব্দ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে রহিমের বক্তব্যে যুক্তির উপাদান অধ্যায়ে যে বিষয়ের ইঙ্গিত আছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে করিমের বক্তব্যে যে বিষয়গুলোর ইঙ্গিত পাওয়া যায় তাদের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪.▶ নির্বাচনী পরীক্ষা- ২০১৬ইং, নাহিদ যুক্তিবিদ্যা ১ম পত্র পড়ছিল সে পদের ব্যপ্তি বা ব্যাপ্যতা পড়ছিল। সে বলে, যুক্তিবিদ্যার ক্ষেত্রে বিশেষ করে সহানুমানের ক্ষেত্রে পদের ব্যাপ্যতা খুবই গুরুত্বপূর্ণ। এর কিছু নিয়ম রয়েছে এবং A.E.I এবং O এই চার ধরনের যুক্তিবাক্যেই এর প্রয়োগ লক্ষ করা যায়।

ক. পদের ব্যাপ্যতার কয়টি নিয়ম রয়েছে? ১

খ. পদযোগ্য শব্দ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. নাহিদ যে বিষয়টি পড়ছে A এবং E বাক্যে তার প্রয়োগ দেখাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির গুরুত্ব আলোচনা কর। ৪

৫.▶ আশা ও লতা দুজন যুক্তিবাক্য নিয়ে আলোচনা করছে। আশা তার খাতায় একটি যুক্তিবাক্য লিখেছে তা হলো 'সব মানুষ হয় প্রাণী'। এরপর সে বলে যুক্তিবাক্যে প্রাণী পদটি মানুষ পদটিকে স্বীকার করেছে এবং দুটির পদের মধ্যে একটা সম্পর্ক রয়েছে। সে আরও বলে, যুক্তিবিদ এরিস্টটল ও পরফিরি তাদের সম্পর্কে বিষয়টিকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করে দেখানোর চেষ্টা করেছে।

ক. বিধেয়ক কাকে বলে? ১

খ. বিধেয় এবং বিধেয়ক এক নয় কেন? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে যুক্তিবাক্যের দ্বারা যা বুঝানো হয়েছে তার বৈসাদৃশ্য সমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'যুক্তিবিদ পরফিরির প্রদত্ত শ্রেণিবিভাগটি এক্ষেত্রে বেশি গ্রহণযোগ্য'— উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৬. ▶ দৃষ্টান্ত-১ : সকল মানুষ হয় মরণশীল, নাজির হয় একজন মানুষ, সুতরাং নাজির হয় মরণশীল।

দৃষ্টান্ত-২ : মারুফা হয় মরণশীল, তন্নি হয় মরণশীল, সাদি হয় মরণশীল, সুতরাং সকল মানুষ হয় মরণশীল।

ক. অনুমান কত প্রকার? ১

খ. অনুমানের দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকে দৃষ্টান্ত - ১ ও দৃষ্টান্ত - ২ দ্বারা কোন ধরনের অনুমানকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত অনুমান দুটির মধ্যে পার্থক্য যাচাই কর। ৪

৭. ▶ শাম্মি ও মিমি দুই বান্ধবী অনুমান বিষয় নিয়ে আলোচনা করছিল। এক সময় শাম্মি বলে, 'সকল ছাত্রী হয় মেধাবী'। কিন্তু পরবর্তীতে মিমি বলে 'কিছু মেধাবী হয় ছাত্রী।' অবশেষে বিষয়টি নিয়ে তাদের মধ্যে বিতর্ক শুরু হয়।

ক. আবর্তন কয়টি নিয়ম মেনে চলে? ১

খ. 'o' যুক্তিবাক্যের আবর্তন হয় না কেন? ২

গ. উদ্দীপকে শাম্মি ও মিমি বিতর্ক পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির স্বরূপ আলোচনা কর। ৪

৮. ▶ আমজাদ সাহেব বিয়ের ঘটকের কাজ করেন। তিনি পাত্র পক্ষ ও পাত্রী পক্ষের মধ্যে সম্পর্ক সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তার কাজের ন্যায় অনুরূপ কাজ আমরা যুক্তিবিদ্যার সহানুমানে দেখতে পাই। যেটি দুটি আশ্রয়বাক্যের মধ্যে সম্পর্ক সৃষ্টি করে, সিদ্ধান্তে থাকে না।

ক. প্রতিবর্তনের কয়টি নিয়ম মেনে চলতে হয়? ১

খ. অমাধ্যমে অনুমান বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সহানুমানের যে বিষয়টি ইঙ্গিত রয়েছে তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উক্ত বিয়ষটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৯.▶ রাশি ও লাবনী দুজন বান্ধবী। একদিন আমাবস্যায় অন্ধকার রাতে একটি অনুষ্ঠান শেষে বাসায় ফিরছিল। রাস্তায় হাঁটার সময় লাবণীর পায়ে একটা নরম জিনিসের স্পর্শ লাগল এবং সে সাপ মনে করে লাফিয়ে উঠল। তখন রাশি লাবনীকে অভয় দিয়ে বলল, এটা তোমার ভুল ধারণা হতে পারে, চলো বাসাই যাই। দুশ্চিন্তা করার কিছু নেই।

ক. কূটাভাস শব্দের অর্থ কী? ১

খ. বহুকারণ সমন্বয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি পাঠ্যপুস্তকের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টির গুরুত্ব তোমার মত করে বিশ্লেষণ কর। ৪

১০.▶ ২১ শে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস। প্রতিবছর এ দিন আমরা যথাযথভাবে উদযাপন করি। জাতীয় পতাকা অর্ধনমিত করি। আমরা কালো ব্যাজ ব্যবহার করি। শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করি। ফাল্গুন মাসে মেঘ বা বৃষ্টিহীনভাবে দিবসটি উদযাপন করি।

ক. সংকেত কত প্রকার? ১

খ. সকল সংকেতকে প্রতীক বলা যায় না কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কালো ব্যাজ, জাতীয় পতাকা, শহিদ মিনার ইত্যাদি বিষয় পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে মেঘের সাথে জাতীয় পতাকার পার্থক্য আলোচনা কর। ৪

১১.▶ ঘটনা- ১ : শিক্ষক সঠিক উত্তরকে '✓' এবং ভুল উত্তরকে '×' দিয়ে প্রকাশ করলেন।

ঘটনা- ২ : ইশতিয়াক 'p, q' দ্বারা 'শরিফ ও শফিক হয় ভালো ছেলে' বাক্যটিকে প্রতীকায়িত করল।

ক. সত্য সারণি কী? ১

খ. নিষেধক বাক্য উদাহরণসহ ব্যাখ্যা কর। ২

গ. ঘটনা- ২ এ ইশতিয়াকের প্রতীকায়িত বাক্যটির সত্যমান নির্ণয় কর। ৩

ঘ. ঘটনা- ১ এ শিক্ষক যে পদ্ধতি ব্যবহার করেছেন তা যুক্তির বিচারে অত্যন্ত কার্যকর- উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# বিষয় ঃ যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ২ | ১ |

সময়- ৩০ মিনিট — বহুনির্বাচনি প্রশ্ন — পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. যুক্তিবিদ্যার জনক কে?
ক) জে. এস. মিল খ) জোসেফ
গ) এরিস্টটল ঘ) সেন্ট অগাস্টিন

২. সহানুমানে কয়টি আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত টানা হয়?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

৩. 'An Introduction to Logic' গ্রন্থের রচয়িতা কে?
ক) এরিস্টটল খ) মিল
গ) জোসেফ ঘ) টমসন

৪. যুক্তিবাক্যের অংশ হলো—
i. উদ্দেশ্য ii. সংযোজক
iii. বিধেয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. Beauty is truth, Truth is beauty উক্তিটি কার?
ক) জন কিটস্ খ) জন লক
গ) মিল্টন ঘ) জিসান

৬. কিসের অনুশীলন মানসিক ব্যায়াম?
ক) কলা বিদ্যার খ) যুক্তিবিদ্যার
গ) নৃ-বিদ্যা ঘ) সমাজ বিদ্যার

**নিচের উদ্দীপকটি পড়ে ৭-৯ নং প্রশ্নের উত্তর দাও:**
দীনার শিক্ষক তাকে বিভেদক লক্ষণ ও উপলক্ষণ পড়াচ্ছেন। তিনি বলেন, বিভেদক লক্ষণের কারণে মানুষ অন্যান্য প্রাণী থেকে আলাদা। তিনি আরও বলেন, উপলক্ষণ জাত্যর্থের অংশ নয়, কিন্তু জাত্যর্থ থেকে অনিবার্যভাবে নিঃসৃত।

৭. এরিস্টটলের মতে বিধেয়ক কত প্রকার?
ক) ৪ খ) ৫
গ) ৬ ঘ) ৩

৮. উদ্দীপকে উল্লিখিত বিভেদক লক্ষণ কোনটিকে সমর্থন করে?
ক) জীববৃত্তি খ) বুদ্ধিবৃত্তি
গ) চিন্তাশীলতা ঘ) হাস্যপ্রিয়তা

৯. 'চিন্তাশীলতা' গুণটিকে উপলক্ষণ বলার যথার্থতা কী?
i. জাত্যর্থের অংশ নয়
ii. জাত্যর্থ থেকে অনিবার্যভাবে নিঃসৃত
iii. নতুন তথ্য প্রকাশ করে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

১০. সকল রাজা হয় মানুষ, সকল প্রজা হয় মানুষ সুতরাং সকল প্রজা হয় রাজা— এ যৌক্তিক আকার কোন ধরনের অনুপপত্তি?
ক) চতুষ্পদী খ) কাকতালীয়
গ) পূর্বগ স্বীকৃতিমূলক
ঘ) অব্যাপ্য মধ্যপদজনিত

১১. প্রাকল্পিক বাক্যের যোজকের প্রতীক কোনটি?
ক) ° খ) ∨
গ) ⊃ ঘ) ≡

১২. উপাদান বর্ণের সংখ্যা ৩টি হলে সারির সংখ্যা হবে?
ক) ৩ খ) ৬
গ) ১০ ঘ) ৮

১৩. প্রতীক সব-সময়ই নির্ভরশীল—
i. মানুষের আচার-আচরণের উপর
ii. মানুষের ব্যবহারের উপর
iii. মানুষের ব্যাখ্যার উপর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. নিরীক্ষণ হলো এক প্রকার—
ক) উদ্দেশ্যবিহীন প্রত্যক্ষণ
খ) উদ্দেশ্যমূলক প্রত্যক্ষণ
গ) কার্য-সংমিশ্রণ ঘ) সবই

১৫. কারণ হচ্ছে কার্যের—
ক) অপরিবর্তিত ঘটনা খ) পরিবর্তিত ঘটনা
গ) অলৌকিক ঘটনা ঘ) শর্তহীন পূর্ববর্তী ঘটনা

http://teachingbd.com

১৬. **আরোহের ভিত্তি কয় প্রকার?**

ⓚ ২ ⓛ ৩

ⓖ ৪ ⓘ ৫

১৭. **যে ঘটনার শুরু আছে, তার একটি কারণ থাকতে বাধ্য - উক্তিটি কার?**

ⓚ যোসেফ ⓛ মিল

ⓖ হ্যামিল্টন ⓘ বেইন

১৮. **আরোহের প্রাণ বলতে বুঝায়?**

ⓚ অবৈজ্ঞানিক আরোহ

ⓛ বৈজ্ঞানিক আরোহ

ⓖ আরোহ মূলক লম্ফ

ⓘ সাদৃশ্যানুমান

১৯. **CESARE কোন সংস্থানের বৈধ মূর্তি?**

ⓚ ১ম ⓛ ৪র্থ

ⓖ ৩য় ⓘ ২য়

২০. **Dictum de omniet nullo-এর অর্থ দাঁড়ায়—**

ⓚ আমি চিন্তা করি, আমি আছি

ⓛ সবকিছুই এবং কোন কিছুই নয়

ⓖ সব কিছুই ঠিক ⓘ কোন কিছুই নয়

২১. **সহানুমানে যে পদটি উভয় আশ্রয়বাক্যে থাকে কিন্তু সিদ্ধান্তে থাকে না, তাকে বলে?**

ⓚ প্রধান পদ ⓛ অপ্রধান পদ

ⓖ মধ্যপদ ⓘ সরলপদ

২২. **প্রতিবর্তনের মূল কথা হলো—**

ⓚ মূল্যের পরিবর্তন

ⓛ গুণের পরিবর্তন

ⓖ ব্যবহারের পরিবর্তন

ⓘ সবগুলো

২৩. **অনুমান কোন ধরনের প্রক্রিয়া?**

ⓚ মানসিক ব্যবহারিক ⓛ মানসিক পাঠ্য

ⓖ মানসিক চিন্তন ⓘ সমালোচনামূলক

২৪. **অনুমানে অনিবার্য সম্বন্ধে থাকবে—**

i. যুক্তিবাক্যের মধ্যে

ii. আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের মধ্যে

iii. কার্য ও কারণের মধ্যে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ i ও ii

ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫-২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

সকল মানুষ হয় মরণশীল

করিম হয় মানুষ

∴ করিম হয় মরণশীল।

২৫. **অনুমান প্রধানত কয় প্রকার?**

ⓚ ২ ⓛ ৩

ⓖ ৪ ⓘ ৫

২৬. **উল্লিখিত উদাহরণ নির্দেশ করে—**

i. আরোহ অনুমান ii. সহানুমান

iii. মাধ্যম অনুমান

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii

ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৭. **উল্লিখিত অনুমানকে যদি অবরোহ অনুমান বলা হয় তার যথার্থ কারণ—**

i. সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে নিঃসৃত

ii. সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে ব্যাপক নয়

iii. আকারগত প্রক্রিয়া

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii

ⓛ ii ও iii

ⓖ i ও iii

ⓘ i, ii ও iii

২৮. **জাতি কাকে বলে?**

ⓚ যার ব্যক্ত্যর্থের পরিধি কম

ⓛ যার ব্যক্ত্যর্থের পরিধি বেশি

ⓖ যার ব্যক্ত্যর্থ নেই

ⓘ উপরের সবগুলো

২৯. **নিচের কোনটি বিরুদ্ধ পদ?**

ⓚ লাল-সবুজ

ⓛ সাদা-কালো

ⓖ সুখ-অসুখ

ⓘ ছাত্র

৩০. **গুণ ও পরিমাণ উভয় অনুসারে যুক্তিবাক্য কত প্রকার?**

ⓚ ২ ⓛ ৩

ⓖ ৪ ⓘ ৫

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ |

Teachingbd.com